সবজিতে ভোজন বিলাস

মাসালা আলু

উপকরণ

ছোট আলু আধা কেজি। পেঁয়াজ (চারকোনা কুচি) ১ টেবিল চামচ, আদা বাটা-রসুন বাটা আধা চা-চামচ, হলুদ-মরিচ গুঁড়ো আধা চা-চামচ, পেঁয়াজপাতা কুচি ১ টেবিল চামচ, জিরা আধা চা-চামচ, লবণ স্বাদমতো, তেল পরিমাণমতো।

প্রণালী

আলু সেদ্ধ করে ছিলে নিন। অল্প তেলে প্যানে সেদ্ধ আলু হালকা ভাজুন। কড়াইতে পেঁয়াজ মসলা কষিয়ে ভাজা আলুর সঙ্গে অল্প পানি দিয়ে ঢেকে রাখুন। মাখা মাখা হলে পেঁয়াজপাতা দিয়ে নামান। এবার সুন্দর করে সাজিয়ে পরিবেশন করুন।

চিচিঙ্গা-ঝিঙ্গা-আলু ভাজি

উপকরণ

চিচিঙ্গা, ঝিঙ্গা, আলু ২ কাপ করে; লবণ স্বাদমতো, শুকনো মরিচ আস্ত ৪টি। আদা কুচি-রসুন কুচি আধা চা-চামচ, পেঁয়াজ কুচি ১ চা-চামচ, তেল পরিমাণমতো।

প্রণালী

সবজিগুলো টুকরো করে ধুয়ে পানি ঝরান। প্যানে তেল দিয়ে কুচি মসলা ছেড়ে সবজি ঢেলে ভাজতে থাকুন। লবণ দিন। একটু পর শুকনো মরিচ দিন, নাড়ুন। সবজি নরম হয়ে এলে নামিয়ে পরিবেশন করুন।

যুকিনি বেসন সবজি

উপকরণ

যুকিনি টুকরো ১ কাপ, বেসন, আলু, চিচিঙ্গা আধা কাপ করে; আদা বাটা, জিরা আধা চা-চামচ করে; পাঁচফোড়ন কোয়ার্টার চা-চামচ, হলুদ-মরিচ আধা চা-চামচ, লবণ স্বাদমতো, তেল পরিমাণমতো, তেজপাতা ১টি।

প্রণালী

বেসন গুলে দানা তেলে ভাজুন, সবজিগুলো ভাপ দিন। কড়াইতে তেল দিয়ে মসলা কষিয়ে সবজি দিন। লবণ দিন। মাখা মাখা হলে বেসনের ঝুড়ি দিয়ে নাড়ুন। হয়ে গেলে নামান।

সবজির লটপটি

উপকরণ

ফুলকপি, ব্রোকলি, আলু, গাজর, বিনস, মটরশুঁটি আধা কাপ করে; পেঁয়াজ কুচি ১ টেবিল চামচ, আদা-রসুন ১ চা-চামচ, হলুদ-মরিচ ১ চা-চামচ, গরমমসলা আধা চা-চামচ, লবণ স্বাদবুঝে, কাঁচামরিচ ৩-৪টি, পেঁয়াজ বেরেস্তা ১ টেবিল চামচ, তেল পরিমাণমতো।

প্রণালী

কড়াইতে তেল দিয়ে এক এক করে মসলা দিয়ে কষান। এবার সবজি দিয়ে হালকা পানি দিয়ে নেড়ে ঢেকে রাখুন। সবজি সেদ্ধ হলে লবণ, গরমমসলা গুঁড়ো দিয়ে নাড়ুন। মাখা মাখা হলে বেরেস্তা দিয়ে ঢেকে দিন। হয়ে গেলে নামিয়ে গরম গরম পরিবেশন করুন।



নেপোলিয়ন-জোসেফিনের সেই চুক্তিনামা

সম্রাট নেপোলিয়ন বোনাপার্ট এবং প্রথম স্ত্রী জোসেফিনের মধ্যকার চুক্তিনামায় লেখা ছিল, বিয়ে হলেও কেউ কারো সম্পত্তির মালিকানা দাবি করতে পারবে না। যার যার সম্পত্তি তার তার। ১৭৯৬ সালের ৮ মার্চ এই চুক্তিনামা স্বাক্ষরিত হয়। এর পরদিন তাদের বিয়ে হয়। কিন্তু বিয়ে স্থায়ী হয়নি। নেপোলিয়ন ও জোসেফিন উভয়েই নিজস্ব সম্পত্তি নিয়ে উদ্বিগ্ন ছিলেন। কিন্তু শেষ রক্ষা হয়নি, শেষ পর্যন্ত উভয়কেই তাদের সম্পদ ভাগ করতে হয়েছিল। ২১ সেপ্টেম্বর তাদের সেই চুক্তিনামাটি নিলামে উঠতে যাচ্ছে। প্যারিসের ওসেনেট এই নিলামের আয়োজন করেছে। ধারণা করা হচ্ছে, এটি কমপক্ষে দেড় কোটি টাকায় বিক্রি করা যাবে।

দক্ষিণ ভারতীয় নুহের জাহাজ!

নুহের জাহাজ খোঁজা হচ্ছে। বিশ্বের বিখ্যাত সব গবেষণা প্রতিষ্ঠান ও প্রত্নতাত্ত্বিক জাহাজটির সন্ধানে রাত-দিন এক করে ফেলছেন। ওদিকে ভারতের কেরালায় একটি দল ৪ হাজার বছর আগের ব্যাবিলনীয় সভ্যতার একটি নকশা অবলম্বনে একটি আস্ত নুহের জাহাজের রেপ্লিকা তৈরি করে ফেলেছে। এটি তৈরি করতে স্থানীয় ঐতিহ্যবাহী জিনিসপত্র ও উপাদান ব্যবহার করা হয়েছে। এটি তৈরি করতে ৪ মাস সময় লেগেছে। এই জাহাজটিকে নিয়ে একটি ডকুমেন্টারি গত ১৪ সেপ্টেম্বর ব্রিটেনের চ্যানেল ফোরে প্রচারিত হয়েছে।

যুদ্ধজয়ের মানচিত্র নিলামে

বিশ্বখ্যাত ব্রিটিশ সেনা কমান্ডার টমাস এডওয়ার্ড লরেন্সের হাতে আঁকা একটি মানচিত্র নিলামে তোলার আয়োজন করেছে লন্ডনের নিলাম প্রতিষ্ঠান সুদবি'স। হলুদ রঙের একটি সাধারণ কাগজে আঁকা উত্তর আরবের এই মানচিত্রটি কমপক্ষে ১ কোটি ২৫ লাখ ৬৬ হাজার টাকায় বিক্রি করা যাবে বলে আশা করা হচ্ছে। লরেন্স ১৯১৮ থেকে ১৯২২ সালের মধ্যে কোনো এক সময় মানচিত্রটি এঁকেছিলেন। এ সময় তিনি অটোমান সাম্রাজ্যের বিরুদ্ধে এবং আরব বিদ্রোহের পক্ষে কাজ করছিলেন। বলা হয়ে থাকে, এই মানচিত্রটি তখন অটোমানদের বিরুদ্ধে যুদ্ধজয়ে লরেন্স এবং আরবীয়দের সাহায্য করেছিল। ১৯৬২ সাল থেকে এটি লন্ডনের রয়াল সোসাইটি অব এশিয়ান অ্যাফেয়ার্সের কাছে আছে।

ওবামাকে আশা করেনি মেডিসন

যুক্তরাষ্ট্রের টুইন টাওয়ার হামলার ১১তম বার্ষিকী উপলক্ষে গত ১১ সেপ্টেম্বর ওয়াশিংটনের ইন্সপায়ার্ড টিচিং স্কুল পরিদর্শন করেন মার্কিন প্রেসিডেন্ট ওবামা ও ফার্স্ট লেডি মিশেল ওবামা। তারা শিক্ষার্থীদের মধ্যে বিভিন্ন উপহার বিতরণ করেন। স্কুলের ষষ্ঠ গ্রেডের ছাত্রী মেডিসন কোথা থেকে যেন শুনেছে তার প্রিয় সংগীতশিল্পী বিয়ন্সেও আসছেন। কিন্তু উপহার নিতে গিয়ে সে দেখল বিয়ন্সে নেই। আসার কথাও ছিল না। মুখ ফুটে সে সাংবাদিকদের সামনে বলেই ফেলে, 'আমি ভেবেছিলাম বিয়ন্সে আসবেন।' ওবামাসহ সবাই এ কথায় হাসলেন। ওবামা মেডিসনের সৎসাহসকে বাহবা জানিয়ে বলেন, 'আমার মেয়ে মালিয়া ও সাশাও তোমার মতোই বিয়ন্সেকে আশা করত।'

ঘরের কাজে বোরিস

ব্রিটেনের বার্মিংহাম বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক 'বোরিস' নামের এমন এক করিতকর্মা রোবট তৈরি করার কাজে হাত দিয়েছে, যা থালা-বাসন ও কাপ শুধু ভালোভাবে ধরতেই পারে না, দক্ষ কর্মীর মতো সেগুলোকে ধুতেও পারে। তার সামনে বিভিন্ন জিনিস রাখা হলে সে বুঝতে পারে কোনটিকে কীভাবে ধরতে হয়, কীভাবে ওঠাতে হয়। তার মোটা একাধিক জয়েন্ট বিশিষ্ট হাত বেশ ভারী জিনিসও সহজে তুলতে পারে। এটি তৈরি করতে ব্যয় হবে প্রায় ৪ কোটি ৪ লাখ ৫৭ হাজার টাকা। গত ১১ সেপ্টেম্বর বার্মিংহামে অনুষ্ঠিত ব্রিটিশ সায়েন্স ফেস্টিভ্যালের মাধ্যমে প্রথমবারের মতো বোরিস জনসম্মুখে আসে।



–সুদীপ্ত সালাম